

- ৩। প্রেমেতে প্রমত্ত হ'য়ে প্রমথরঞ্জন মূর্তি ধরে
তাকে যে জন ডাকে, ত্বরায় তাকে, কেবল ফাঁকে প'ল
একা হরে ॥

—প্রেমিক কবি হরিবর সরকার



১৯ নং

তাল—কাশ্মিরী রাগিনী—রামপ্রসাদী সুর

আয় আয় তোরা কে দেখিবি ।

কি অপরূপ এক রূপের ছবি ॥

- ১। ভাস্করের নির্মিত হলে কথা কয় না কোন কালে,
সে যে কথায় কথায় বলে হরি কি যেন কি মনে করি ॥
- ২। আগে ভাবলাম সোনার পুতুল, শেষে বুঝলাম হয়েছে ভুল,
সে যে উদ্ধারিতে পাতকীকুল, তমঃনাশা দীপ্ত রবি ॥
- ৩। করেন সবার বাঞ্ছাপূর্ণ, এসেছে ভাই সে জন্য,
এবার অন্নহীনে পাবি অন্ন, পুত্রহীনে পুত্র পাবি ॥
- ৪। দয়া ক্ষমা বদান্যতা, সব শিক্ষা পাবি তথা,
রাজা চরণে নোয়ায়ে মাথা, করনা এসে যে যার দাবী ॥
- ৫। তার মাথায় যেন কিসের বোঝা, হরিবর কয়,

যায় না বোঝা,

আয় ভাই সবে মিলে করি পূজা, সাধ মিটিয়ে চরণ সেবি ॥

— প্রেমিক কবি হরিবর সরকার

